ইনকিলাব

তারিখ 2 APR 2003

বিগত সরকারের চুক্তি বাতিল

# তৃতীয় বিভাগধারীরা আবার শিক্ষকতা পেশায় নিয়োগ লাভের সুযোগ পাবেন

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষাজীবনে একটি তৃতীয় বিভাগধারীরা এখন থেকে আবার শিক্ষকতা পেশায় নিয়োগ লাভ করতে পারবেন। এ ব্যাপারে বিগত সরকারের করা বহুল বিতর্কিত ও শিক্ষক স্বার্থবিরোধী ৯ দফা চুক্তির নবম ধারাটি গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় বাতিল করেছে। শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত কর্তকর্তাদের এক সভায় ঐ ধারাটি বাতিলের সিদ্ধান্ত নিয়ে গৃহীত প্রস্তাবে বলা হয়, এসএসসি থেকে স্নাতক বা স্নাতকোত্তর পর্যন্ত শিক্ষাজীবনে মাত্র একটি তৃতীয় বিভাগধারী যাদের অন্তত একটি প্রথম বিভাগ বা শ্রেণী রয়েছে এবং

৭-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## তৃতীয় বিভাগ

৮-এর পৃষ্ঠার পর

অন্যগুলোতে কমপক্ষে ২য় বিভাগ বা শ্রেণী রয়েছে তারা সরকারী-বেসরকারী হাই স্কুল ও কলেজের শিক্ষক পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন। উল্লেখ্য, বিগত আওয়ামী লীগ সরকার ২০০০ সালে বেসরকারী শিক্ষকদের ১০% বেতন বৃদ্ধির সময় বিভিন্ন শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দের সাথে যে ৯ দফা চুক্তি করেছিল তাতে শিক্ষাজীবনে তৃতীয় বিভাগধারীরা আর নতুন করে শিক্ষকতা পেশায় কোন অবস্থাতেই নিয়োগ লাভ করতে পারবেন না বলে উভয় পক্ষের সমঝোতার ভিত্তিতে সিদ্ধান্ত নেয়া হয়। শিক্ষা মন্ত্রণালয় এ ব্যাপারে সার্কুলার জারি করলে সারাদেশের শিক্ষক সম্প্রদায় এবং শিক্ষকতার পেশা গ্রহণে আগ্রহী শিক্ষিত বেকার যুবকদের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। বিসিএস পরীক্ষাতেও যেখানে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য সেখানে তারা শিক্ষকদের ক্ষেত্রে এই নতুন নিয়মকে বৈষম্যমূলক আখ্যায়িত করে এই চুক্তি বাতিলের দাবী জানান। শিক্ষক-কর্মচারী ঐক্য জোটও ৯ দফা চুক্তির এই ধারা বাতিলের দাবীতে চুক্তির পর থেকেই আন্দোলন করে আসছিল। অবশেষে বর্তমান সরকার এই অমানবিক ও বৈষম্যমূলক সিদ্ধান্তটি প্রত্যাহারের নীতিগত সিদ্ধান্ত নেয়ায় শিক্ষা মন্ত্রণালয় গতকাল তা বাতিল করেছে। এর ফলে শিক্ষাজীবনে একটি তৃতীয় বিভাগধারীরা আগের মতো আবার শিক্ষকতা পেশায় নিয়োগ লাভের সুযোগ পাবেন।